গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
www.dowarabazar.sunamganj.gov.bd

| | |
|---|---|
| বিষয় | ঃ স্যানিটেশন সংক্রান্ত কমিটির সভা। |
| সভার তারিখ | ঃ ২৩ মে, ২০২২ খ্রিঃ । |
| সময় | ঃ বেলা ১২.০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের কার্যালয়, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। |
| সভাপতি | ঃ মোঃ রফিকুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভাপতির অনুমতিক্রমে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন যেসব মাধ্যমিক বিদ্যালয়ে আর্সেনিক মুক্ত টিউবওয়েল ও স্বাস্থ্য সম্মত টয়লেট নেই, সেসব বিদ্যালয়ে টিউবওয়েল ও টয়লেট এর ব্যবস্থা গ্রহণ করার প্রস্তাব করেন।

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উপজেলার দারিদ্রতম এলাকার গরীব ও অসহায় মানুষদের মাঝে রিং স্লাব বিতরণ করার প্রস্তাব করেন।

উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দোয়ারাবাজার বলেন এ উপজেলায় নিরাপদ পানি ও স্বাস্থ্যসম্মত টয়লেট ব্যবহারে সচেতনতামূলক প্রশিক্ষণ আয়োজনের প্রস্তাব করেন।

সিদ্ধান্তঃ

১। উপজেলায় নিরাপদ পানি ও স্বাস্থ্যসম্মত টয়লেট ব্যবহারে সচেতনতামূলক প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদকে সুপারিশ করা হয়।

২। যেসব মাধ্যমিক বিদ্যালয়ে আর্সেনিক মুক্ত টিউবওয়েল ও স্বাস্থ্য সম্মত টয়লেট নেই, সেসব বিদ্যালয়ে টিউবওয়েল ও টয়লেট স্থাপনের প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদকে সুপারিশ করা হয়।

৩। উপজেলার দারিদ্রতম এলাকার গরীব ও অসহায় মানুষদের মাঝে রিং স্লাব বিতরণ করার প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদকে সুপারিশ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।

২৩/০৫/২২

( মোঃ রফিকুল ইসলাম )
সভাপতি
স্যানিটেশন সংক্রান্ত কমিটি
ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

CamScanner

স্মারক নং- সুনাম/দোয়ারা/উপকা/ন১৩/১৮-১৬৯ তারিখঃ- ২৩/০৫/২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

১। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সুনামগঞ্জ।

অনুলিপি সদয় কাযার্থে ঃ

২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৩। উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৪। উপজেলা ..................................................অফিসার (সংশি- ষ্ট বিভাগ), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৫। চেয়ারম্যান, ..............................................ইউ/পি (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৬। সংরক্ষণ নথি।

23.05.22

উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
ও
সদস্য সচিব
স্যানিটেশন সংক্রান্ড় কমিটি।

CamScanner